सत्यमेव जयते

ত্রিপুরা সরকার

# বাজেট ভাষণ

## ২০২৩-২০২৪




শ্রীযুক্ত প্রণজিৎ সিংহরায়

অর্থমন্ত্রী

অর্থ দপ্তর

ত্রিপুরা সরকার

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আমি এই মহতী সভায় 2023-24 অর্থবর্ষের বাজেট উপস্থাপন করছি।

আপনারা জানেন যে, মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজির মহান নেতৃত্ব ও মার্গ দর্শনে এবং মাননীয় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা মহোদয়ের সুযোগ্য নেতৃত্বে বিজেপি নেতৃত্বাধীন সরকার দ্বিতীয়বারের জন্য রাজ্যের ক্ষমতায় আসতে সক্ষম হয়েছে, যাতে রাজ্যকে আরও উন্নয়ন ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে পারে। আমি সেজন্য রাজ্যের জনসাধারণকে আমাদের উপর বিশ্বাস রাখার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

অধিকন্তু, আমি এই মহতী সভায় মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় বিরোধী দলনেতা সহ সকল সদস্য সদস্যাদের শুভেচ্ছা জানাচ্ছি। আমি দৃঢ়তার সহিত বিশ্বাস করি যে, এই অধিবেশন চিরাচরিত প্রথায় শাসক এবং বিরোধী পক্ষের মধ্যে মতবিনিময়, আলোচনা এবং সহযোগিতা ও পারস্পরিক সম্মান ও শ্রদ্ধা বজায় রেখে চলবে। এই সভায় অর্থমন্ত্রী হিসেবে আমার প্রথম বাজেট পেশ করছি বলে আমি খুবই আনন্দিত।

২) বিগত বিধানসভা নির্বাচনের পূর্বে আমরা আমাদের সংকল্পপত্র প্রকাশের মাধ্যমে আমাদের আত্মনির্ভর ও উন্নত ত্রিপুরা নির্মাণের প্রত্যয় ব্যক্ত করেছিলাম। আগামী 5 বছরে আমরা রাজ্যের সকল অংশের মানুষের প্রত্যাশা পূরণে সেই সংকল্পপত্রের বাস্তবায়নে নিরলসভাবে সচেষ্ট থাকব।

৩) বিগত 5 বছরে আমরা রাজ্যের আর্থিক উন্নয়ন ও কল্যাণে বেশ কিছু পদক্ষেপ নিয়েছি। এই মহতী সভায় উপস্থিত সকলে শুনে আনন্দিত হবেন যে, 2022-23 অর্থবর্ষে ত্রিপুরার অর্থনৈতিক প্রবৃদ্ধির আনুমানিক হার 8.8 শতাংশ (৮.৮%) ছিল, যা একই সময়ের সর্বভারতীয় ক্ষেত্রে প্রবৃদ্ধির আনুমানিক হার 7.20 শতাংশ থেকে খানিকটা বেশি। আমরা আশা করছি যে, 2023-24 অর্থবর্ষে রাজ্যের আনুমানিক আর্থিক প্রবৃদ্ধির হার অন্তত 8 (আট) শতাংশ হবে, যেখানে জাতীয় আর্থিক আনুমানিক প্রবৃদ্ধির হার 6 থেকে 6.5 শতাংশ থাকবে বলে আশা করা হচ্ছে। রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার পথে এই উচ্চ আর্থিক প্রবৃদ্ধির হার আমাদের সকলের নিরন্তর প্রচেষ্টার ফসল।

**এই বাজেটে অগ্রাধিকারের বিষয়গুলি হল-**

i) প্রথমত: মূলধনী বিনিয়োগে পরিকাঠামো উন্নয়ন ও সুশাসনের মাধ্যমে দীর্ঘমেয়াদি ও পরিবেশ সামঞ্জস্যপূর্ণ অর্থনৈতিক অগ্রগতির একটি নতুন অধ্যায়ের সূচনা করা।

ii) দ্বিতীয়ত: নারী, শিশু, জনজাতি, তপশিলি জাতি, অন্যান্য অনগ্রসর জাতি ও সংখ্যালঘুদের সর্বাঙ্গীন বিকাশ প্রক্রিয়ার সাথে যুক্ত করা।

iii) তৃতীয়ত: কৃষি ও কৃষি সম্পর্কিত ক্ষেত্রের বিকাশ এবং স্থায়ী ও উৎকৃষ্ট কৃষি পদ্ধতির সুনিশ্চিতকরণ এবং

iv) পরিশেষে, সকল অংশের মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন এবং স্বাস্থ্য পরিষেবা সুনিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা ও স্বাস্থ্যক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপ।

**Agriculture & Farmers Welfare**

৪) 2023 বছরটি 'International Year of Millet' হিসেবে পরিচিত ও এর অঙ্গ হিসেবে Millet চাষের উপর ব্যাপক সচেতনতার উদ্যোগ নেওয়া হয়েছে এবং দুই হাজার হেক্টর জমিতে Millet চাষে ফলনের জন্য 13 মেট্রিকটন Millet বীজ এবছর বিতরণ করা হবে।

৫) বাজারজাতকরণের সুযোগ সৃষ্টি করতে এবং কৃষকদের ফলনের ভাল দাম পাওয়ার জন্য 18th May 2023 তারিখে Delhi Haat-এ একটি অনুষ্ঠানের মাধ্যমে ক্যুইন প্রজাতির আনারস বাজারজাতকরণ আনুষ্ঠানিকভাবে করা হয়েছে। Organic Queen Pineapple-কে ত্রিপুরার মৌলিক উৎপাদন হিসেবে ভৌগোলিক সনাক্তকরণ শুরু করা হয়েছে। ত্রিপুরা রাজ্য থেকে 2022 সালে উদ্যানজাত ফসল যেমন বেল 640 MT, তেঁতুল 162 MT, আনারস 0.75 MT, লেবু (শাতকরা) 10 MT বাংলাদেশে এবং 1,735 MT আনারস দেশের বিভিন্ন প্রান্তে রপ্তানি করা হয়েছে। এবছর রাজ্য সরকার 20টি শহর এলাকায় শহুরে কৃষি ব্যবস্থাপনা শুরু করছে।

৬) 2022-23 আর্থিক বছরে Pradhan Mantri Kisan Samman Nidhi (PM-KISAN) প্রকল্পে 2.33 লক্ষ কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে 148 কোটি টাকা সরাসরি দেওয়া হয়েছে। রাজ্য সরকার 2022-23 অর্থবছরে প্রধানমন্ত্রী ফসলবীমা যোজনার অঙ্গ হিসেবে Mukhyamantri Fasal Bima Yojana (MMFBY) প্রকল্পে কৃষকের প্রিমিয়ামের প্রায় 95% বহন করেছে, এতে 3.65 লক্ষ কৃষক উপকৃত হয়েছেন। 2022-23 অর্থবছরে 60,271টি KCC ঋণের মাধ্যমে 330 কোটি টাকা দেওয়া হয়েছে।

৭) 2023-24 অর্থবছরে আমন ধানের উৎপাদনশীলতা বাড়াতে Mukhyamantri Integrated Crop Management Programme (MICMP) প্রকল্পের প্রস্তাব করছি, যার মাধ্যমে 1,16,400 হেক্টর এলাকায় এই প্রকল্পের অধীনে উন্নত পদ্ধতিতে চাষাবাদের ব্যবস্থা করা হবে। এরজন্য 10 কোটি টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে।

৮) কৃষকদের উন্নত চাষাবাদের বিষয়ে পরামর্শ দেওয়ার জন্য Kisan Sahayata Mobile App নামে একটি নতুন মোবাইল অ্যাপ চালু করার প্রস্তাব রাখছি। রাজ্যের ঊনকোটি জেলার কুমারঘাট এবং গোমতী জেলার অমরপুরে তথ্য প্রযুক্তি সুবিধা সমৃদ্ধ সহ 2টি নতুন Agriculture Development Research Cum Training Centre গড়ে তোলারও প্রস্তাব রাখছি। এর জন্য 4.10 কোটি টাকার ব্যয় বরাদ্দ ধার্য করা হয়েছে।

**Animal Resource Development**

৯) রাজ্য সরকার দুধ, মাংস এবং ডিম উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনার আওতায় 2022-23 অর্থবছরে 5,644টি Piggery, 2,882টি Goatery, 19,808টি Poultry এবং 6,710টি Duckery ইউনিট বিতরণ করা হয়েছে। কৃষকদের দোরগোড়ায় সুবিধা পৌঁছে দিতে 13টি Mobile Veterinary ইউনিট চালু করা হয়েছে। রাজ্য সরকার জনজাতি সুবিধাভোগীদের মাথাপিছু 1.50 লক্ষ টাকা দিয়ে 25টি দুগ্ধজাত ইউনিট, 393টি Pig Rearing Unit এবং 383টি Goat Rearing Unit-ও স্থাপন করেছে।

১০) 2023-24 আর্থিক বছরে রাজ্যে গাভীর বংশবৃদ্ধির উন্নয়ন কর্মসূচির অঙ্গ হিসেবে 1.40 লক্ষ কৃত্রিম গর্ভধারণ ডোজ ব্যবহার করবে। এরমধ্যে 70 হাজার ইউনিট Sex Sorted Semen ও 70 হাজার ইউনিট Conventional Semen ব্যবহৃত হবে। R.K. Nagar-এ একটি আধুনিক কৃত্রিম গর্ভধারণ প্রশিক্ষণ কেন্দ্র এবং 5টি প্রাণী চিকিৎসালয় আগামী 3 বছরে স্থাপন করা হবে।

১১) রাজ্যে প্রাণীসম্পদের সার্বিক উন্নয়নে চলতি প্রকল্পগুলিকে সমন্বিত করে 10 কোটি টাকা ব্যয়ে একটি নতুন প্রকল্প Mukhyamantri Prani Sampad Bikash Yojana চালু করা হবে। এই প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের পোল্ট্রি ফার্মিং, ছাগল এবং শূকর পালনে সহায়তা করা হবে, হাঁস মুরগী পালনের সাথে জড়িত বিপিএল কৃষকদের আর্থিক সহায়তা দেওয়া হবে, ছোট দুগ্ধ খামার এবং শূকর পালনের জন্য গৃহীত ঋণের সুদের উপর ভর্তুকি দেওয়া হবে। কৃষকের নিজ এবং সরকারি জায়গায় গো-খাদ্য চাষে সহায়তা করা হবে এবং সমাজের দুর্বল শ্রেণীর কৃষকদের হাঁস মুরগীর মড়কের ক্ষেত্রে ক্ষতিপূরণ দেওয়া হবে।

**Fisheries**

১২) Chief Minister's Swanirbhar Parivar Yojana-র অধীনে 62 হাজার মৎস্যচাষীকে মাছের পোনা সরবরাহ করা হয়েছে। বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য উৎপাদনে উৎসাহিত করতে Pradhan Mantri Matsya Sampada Yojana (PMMSY)-র অধীনে বৈজ্ঞানিক মাছ চাষের জন্য 59,810 জন মৎস্যচাষীকে সর্বাঙ্গীন সুবিধা প্রদান করা হয়েছে। সমবায় সমিতি ও স্ব-সহায়ক দলের সদস্যদের মধ্যে ব্যবসায়িক মনোভাব

বিকাশে এবং সমবায়ের মাধ্যমে মৎস্যচাষের প্রসারের লক্ষ্যে 191টি সমবায় সমিতি ও স্ব-সহায়ক দলকে সহায়তা করা হয়েছে। 394 জন মৎস্যচাষীকে কিষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে সহজ শর্তে ঋণ দেওয়া হয়েছে।

১৩) 2022-23 আর্থিক বছরে 20 জন মৎস্যচাষীকে মাছ বিক্রয়ের জন্য বরফের বাক্স যুক্ত মোটরসাইকেল প্রদান করা হয়েছে। এছাড়া মাছ পরিবহণের জন্য 20 জন মৎস্যচাষীকে বরফের বাক্স যুক্ত তিন চাকার সাইকেল প্রদান করা হয়েছে।

১৪) রাজ্যে মৎস্যচাষ ও উৎপাদনে উৎকর্ষতা সুনিশ্চিত করার জন্য একটি সার্বিক মৎস্যচাষ নীতিমালা প্রণয়ন করা হবে, যাতে করে ভূমি ও জল সম্পদের সর্বোত্তম ব্যবহার করা যায় এবং মৎস্যচাষ যাতে রাজ্যের যুব সমাজের একটি বড় অংশের জন্য জীবিকা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে।

১৫) আমি এই উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনার (MMBY) ঘোষণা করছি, যার মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি, মাছের পোনার উৎপাদন ইত্যাদি করা হবে। এই প্রকল্পের জন্য আমি 12 কোটি টাকার ব্যয় বরাদ্দ রেখেছি।

## Education

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

১৬) আমি PMSHRI স্কিমের মাধ্যমে প্রতিটি ব্লকে একটি করে মডেল স্কুল স্থাপনের প্রস্তাব রাখছি। 2023-24 অর্থবছরের বাজেটে বিদ্যালয় নির্মাণের জন্য আমি 50 কোটি টাকা ব্যয় বরাদ্দ রেখেছি।

১৭) সমাজের দুর্বল ও অনগ্রসর ছাত্রছাত্রীদের Online-এ ভর্তির আবেদনের সুবিধার জন্য একটি Web Application Portal তৈরি করা হয়েছে। 2022-23 অর্থবছরে রাজ্য সরকার ছাত্রীদের মধ্যে 44,600টি বাইসাইকেল বিতরণ করেছে। ‘Cycle to Girls Student’ প্রকল্পটি 2023-24 অর্থবছরেও চালু থাকবে। এরজন্য 9 কোটি টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে।

১৮) আমি মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনা নামে একটি নতুন পরিকল্পনার প্রস্তাব রাখছি, যার মাধ্যমে দ্বাদশমান পরীক্ষায় প্রথম 100 জন স্থানাধিকারী মেয়েদের বিনামূল্যে স্কুটি প্রদান করা হবে, এতে মেয়েরা উচ্চশিক্ষায় অনুপ্রাণিত হবে।

১৯) আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, PMSHRI এবং Vidyajyoti প্রকল্পে 400টি সরকারি বিদ্যালয়কে আধুনিকীকরণ করা হবে। ত্রিপুরায় শিক্ষার পরিকাঠামো উন্নয়নের জন্য আগামী পাঁচ বছরে দুই হাজার কোটি টাকা খরচ করা হবে।

২০) যুব সম্প্রদায়কে দেশ সেবায় উৎসাহিত করার জন্য রাজ্য সরকার প্রত্যেকটি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে Tripura Agniveer Programme চালু করতে যাচ্ছে, যাতে তারা Agnipath প্রকল্পে অংশগ্রহণ করে দেশের সেবায় নিজেকে নিয়োজিত করতে পারে।

২১) রাজ্য সরকার রাজ্য সরকারি মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পাঠরত ছাত্রীদের জন্য বিভিন্ন রকমের Fees যেমন Admission Fee, College Development Fee, Exam Fee ইত্যাদি মকুব করে দিয়েছে।

২২) দিব্যাংগ দৃষ্টিহীন ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা লাভে উৎসাহিত করতে Chief Minister's Special Scholarship চালু করা হয়েছে। এর অধীনে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পাঁচ হাজার টাকা এবং ডিপ্লোমা কোর্সের জন্য চার হাজার টাকা করে মাসিক বৃত্তি প্রদান করা হবে।

২৩) 11টি সাধারণ ডিগ্রি কলেজে National Skill Development Council (NSDC)-এর সহায়তায় বৃত্তিমূলক পাঠ্যক্রম চালু করা হয়েছে। যার মধ্যে Web Development, Yoga, Mushroom Cultivation এবং Medicinal Plants ইত্যাদি রয়েছে। এই দক্ষতা উন্নয়নের পাঠ্যক্রমগুলি ছাত্রছাত্রীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সহায়তা করবে।

২৪) 2022-23 অর্থবছরে PPP মডেলে 2টি নতুন কলেজ স্থাপন করা হয়েছে। এগুলি হচ্ছে জিরানীয়া আইন কলেজ এবং কাকড়াবন জেনারেল ডিগ্রি কলেজ। আমি সমস্ত ডিগ্রি কলেজ এবং পলিটেকনিক কলেজগুলিতে WiFi পরিষেবার সুবিধা প্রদান করার প্রস্তাব রাখছি। এরজন্য 15 কোটি টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে।

২৫) The Dhamma Dipa International Buddhist University Act, 2022 সম্পর্কে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। রাজ্যে দুটি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের পথ সুগম করতে The Techno India University Tripura Act, 2023 এবং Aryavatt Internation University Tripura Act, 2023-এর অনুমোদন দেওয়া হয়েছে। রাজ্যে National Education Policy 2020 (এনইপি) চালু এবং এই 3টি বিশ্ববিদ্যালয় স্থাপনে অচিরেই আমাদের রাজ্য উত্তর পূর্বাঞ্চলের মধ্যে একটি Educational Hub-এ পরিণত হবে।

২৬) আমি 40 কোটি টাকা ব্যয়ে নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ে ও 77 কোটি টাকা ব্যয়ে মহারাজা বীরবিক্রম কলেজে নতুন সায়েন্স বিল্ডিং এবং 10 কোটি টাকা ব্যয়ে আগরতলা কুঞ্জবনস্থিত Institute of Advance Studies in Education (IASE)-এর প্রাতিষ্ঠানিক এবং প্রশাসনিক ভবন নির্মাণের প্রস্তাব রাখছি।

## Youth Affairs & Sports

২৭) আমি গর্বের সঙ্গে এই মহতী সভাকে অবগত করছি যে, মণিপুরের ইম্ফলে 2022-এর মে মাসে অনুষ্ঠিত North East Regional Sports Competition 2022-এ ত্রিপুরার ছেলেদের ফুটবল টিম রৌপ্য প্রদক এবং টেনিস টিম Bronze পদক অর্জন করেছে। মধ্যপ্রদেশে 2023-এর ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত 5th Edition of Khelo India Youth Games-এ শ্রীমতি দেবাঞ্জলি নাথ জুডো প্রতিযোগিতায় ব্রোঞ্জ পদক লাভ করেছে।

২৮) 2023-24 অর্থবছরে কৈলাসহর এবং উদয়পুরে 25 কোটি টাকা ব্যয়ে 2টি যুব আবাস স্থাপন করা হবে। খেলাধুলার পরিকাঠামো উন্নয়নে 9.21 কোটি টাকা ব্যয়ে শান্তিরবাজারে একটি Stadium তৈরি করা হবে।

২৯) অসাধারণ নৈপুণ্য প্রদর্শনকারী মহিলা খেলোয়াড়দের বিশ্বমানের প্রশিক্ষণ দেওয়া হবে এবং তাদের সর্বোচ্চ 5 লক্ষ টাকা পর্যন্ত এককালীন আর্থিক সহায়তা প্রদানের জন্য আমি Mukhyamantri State Talent Search Programme চালু করার জন্য প্রস্তাব রাখছি।

৩০) এছাড়াও 2023-24 অর্থবছরে বিশ্বমানের ক্রীড়া অবকাঠামো নির্মাণ এবং উচ্চাকাঙ্ক্ষী খেলোয়াড়দের স্কলারশিপের সুবিধা দিতে Mukhyamantri Sports Development Scheme চালু করার প্রস্তাব রাখছি। এই প্রকল্পের জন্য ব্যয় বরাদ্দ ধরা হয়েছে 8 (আট) কোটি টাকা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

৩১) 2023-24 বাজেটে শিক্ষা এবং যুব বিষয়ক ক্ষেত্রের জন্য আমি 4,939 কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

## Health Services

৩২) ত্রিপুরার স্বাস্থ্য পরিকাঠামোকে উন্নত করার জন্য রাজ্য সরকার নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছে। রাজ্য সরকার IGM হাসপাতাল চত্বরে Agartala Government Dental College স্থাপন করেছে। 2023-24 শিক্ষাবর্ষে BDS Course-এ বার্ষিক 50 জন ছাত্রছাত্রীকে নিয়ে Dental College-এর পথচলা শুরু হবে।

৩৩) IGM হাসপাতাল চত্বরে Nurses Training Institute-কে Nurses Training College-এ উন্নীত করা হয়েছে, যার মাধ্যমে 2023-24 শিক্ষাবর্ষ থেকে 50 জন

ছাত্রছাত্রী B.Sc (Nursing) পড়ার সুযোগ লাভ করবে। তাছাড়াও 2023-24 শিক্ষাবর্ষ থেকে গোমতী জেলার উদয়পুরের ANM Training Institute-কে 40 আসন ক্ষমতাসম্পন্ন GNM Training Institute-এ উন্নীত করা হয়েছে।

৩৪) AGMC-তে স্নাতকোত্তর স্তরে বর্তমানে বিদ্যমান 25টি আসন থেকে অনেকটা বাড়িয়ে 79টি আসন বিশিষ্ট করা হয়েছে।

৩৫) সাধারণ মানুষকে উত্তম স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য পানিসাগর, কুমারঘাট এবং করবুকে তিনটি কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্রকে মহকুমা হাসপাতালে উন্নীত করা হয়েছে। গতবছর দক্ষিণ জেলা হাসপাতাল, গোমতী জেলা হাসপাতাল এবং ধলাই জেলা হাসপাতালে তিনটি Trauma Care Centre (level-III) উদ্বোধন করা হয়েছে। লংতরাইভ্যালি মহকুমা হাসপাতালের সম্প্রসারিত পরিকাঠামো হিসেবে 20 শয্যা বিশিষ্ট নতুন ভবনের উদ্বোধন করা হয়েছে।

৩৬) 2022-23 অর্থবছরে কাকড়াবন এবং রাজনগরের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে (PHC) কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্রে (CHC) উন্নীত করা হয়েছে। বক্সনগর, কাঞ্চনমালা, মোহনপুর, কল্যাণপুর, নতুনবাজার এবং অম্পিতে 6টি নতুন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (PHC) ভবনের উদ্বোধন করা হয়েছে।

৩৭) Digital উদ্যোগের অঙ্গ হিসেবে Mera Aspataal Portal চালু করা হয়েছে এবং তা e-Hospital প্ল্যাটফর্মের সাথে যুক্ত করা হয়েছে, যা ক্যান্সার পীড়িত রোগীদের পরিষেবায় সাহায্য করবে। তাছাড়াও এজিএমসি, জিবিপি হাসপাতাল এবং সমস্ত মহকুমা হাসপাতালগুলিতে e-Radiology এবং Tele-Radiology পরিষেবা শুরু হয়েছে।

৩৮) উত্তর, ধলাই এবং গোমতী জেলায় ব্রু-পুনর্বাসন এলাকায় 11টি হেলথ অ্যান্ড ওয়েলনেস সেন্টার নির্মাণ করা হবে। 2023-24 অর্থবছরে মহারাণী, মধুপুর এবং বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিকে (PHC) কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্রে (CHC) উন্নীত করা হবে।

৩৯) নিত্যবাজার এবং দুর্গাবাড়িতে 2টি নতুন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের (PHC) নির্মাণ এবং আনন্দনগর, বামুটিয়া, তৈবান্দাল, দয়ারামপাড়া এবং নিহারনগরে 5টি নতুন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (PHC) ভবনের উদ্বোধন করা হবে। 2023-24 অর্থবছরে ধর্মনগরের উত্তর জেলা হাসপাতালে Trauma Care Centre (level-III) চালু করা হবে।

৪০) 2023-24 অর্থবছরে মৌলিক স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করার জন্য 30 কোটি টাকা ব্যয় করে 100টি উপস্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হবে। 55 কোটি টাকা ব্যয়ে একটি পৃথক সংক্রামক ব্যাধি নিরাময় কেন্দ্র স্থাপন করা হবে।

৪১) 50 শয্যা যুক্ত আটটি নেশামুক্তি কেন্দ্র ত্রিপুরা রাজ্যের আটটি জেলায় ধাপে ধাপে স্থাপন করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

৪২) আমি 2023-24 অর্থবছরের বাজেটে স্বাস্থ্য খাতে 1,756 কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখছি।

**Food, Civil Supplies & Consumer Affairs**

৪৩) রাজ্য সরকার 2023 সালের জানুয়ারি মাস থেকে 4,93,766টি Priority Household এবং 1,08,916টি অন্ত্যোদয় অন্ন যোজনার অন্তর্ভুক্ত মোট 6,02,682টি পরিবারকে বিনামূল্যে চাল বিতরণ করছে।

৪৪) 2022-23 অর্থবর্ষে সর্বমোট 3,297টি বাস্তুচ্যুত ব্রু পরিবারের 10,146 জন সদস্যদের গণবন্টন ব্যবস্থার আওতায় নিয়ে আসা হয়েছে। নির্ধারিত এলাকায় স্থায়ী পুনর্বাসনের পরে অবশিষ্ট ব্রু পরিবারগুলিকেও গণবন্টন ব্যবস্থার আওতায় নিয়ে আসা হবে।

৪৫) ত্রিপুরা রাজ্যের 9.60 লক্ষ কাগজের তৈরি রেশন কার্ড রূপান্তর করে PVC রেশন কার্ড করা হবে। তাছাড়া ব্যবসায়ী দ্বারা পরিচালিত 765টি ন্যায্যমূল্যের দোকান এবং কো-অপারেটিভ সোসাইটি দ্বারা পরিচালিত 165টি ন্যায্যমূল্যের দোকানকে Model Fair Price Shop-এ পরিবর্তিত করা হবে।

**SC Welfare**

৪৬) Chief Minister's Swanirvar Parivar Yojana-এর অধীনে 1,466 জন সুবিধাভোগীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। 500টি বাইসাইকেল এবং 2,500টি ইলেকট্রনিক ওজন পরিমাপক যন্ত্র গরীব SC সুবিধাভোগীদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং 34টি SC হোস্টেলে Smart Class-এর জন্য 34টি স্মার্ট টিভি বিতরণ করা হয়েছে।

৪৭) 2022-23 অর্থবর্ষে প্রধানমন্ত্রী আদর্শ গ্রাম যোজনায় 5,264 জন সুবিধাভোগীর মধ্যে 29.74 কোটি টাকার ঋণ বিলি করা হয়েছে। উক্ত প্রকল্পে 30টি নির্বাচিত গ্রামে

106টি প্রকল্পের কাজ শেষ করা হয়েছে এবং সমস্ত গ্রামগুলিকে ইতিমধ্যে আদর্শ গ্রাম হিসেবে ঘোষণা করা হয়েছে। তাছাড়া পরিকাঠামো উন্নয়নের জন্য Schedule Caste Sub Plan (SCSP) গ্রামসমূহে 145টি প্রকল্পের কাজ সম্পন্ন করা হয়েছে এবং এতে 8.37 কোটি টাকা ব্যয় করা হয়েছে।

৪৮) 2023-24 অর্থবর্ষে SC Welfare দপ্তর Pre-Matric Scholarship (Class-VI to VIII) বাবদ 35,300 জন তপশিলি ছাত্রছাত্রীর জন্য 141.20 লক্ষ টাকা, Pre-Matric Scholarship (Class-IX & X) বাবদ 12,100 জন ছাত্রছাত্রীর জন্য 640.75 লক্ষ টাকা, Post-Matric Scholarship বাবদ 24,150 জন ছাত্রছাত্রীর জন্য 6252.20 লক্ষ টাকা এবং Dr. B.R. Ambedkar Merit Award-এর অধীনে 10,500 জন ছাত্রছাত্রীর জন্য 82 লক্ষ টাকা ব্যয় করার লক্ষ্যমাত্রা নিয়েছে।

৪৯) 400 জন ছাত্রছাত্রীকে এককালীন আর্থিক সহায়তা বাবদ 390 লক্ষ টাকা দেওয়া হবে। 2023-24 অর্থবছরে Tripura SC Co-operative Development Corporation থেকে 3,100 জন সুবিধাভোগীকে 27 কোটি টাকার সহজ শর্তে ঋণ দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। পরিকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে Dr. Ambedkar Utsav Dham (DAUD) Programme-এর অধীনে PMAGY-এর তালিকাভুক্ত গ্রামগুলিতে 30টি কমিউনিটি হল নির্মাণ করা হবে।

**OBC Welfare**

৫০) OBC Co-operative Development Corporation Ltd. কর্তৃক উদ্যোগ বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। তাছাড়া OBC সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার জন্য সহজ শর্তে ঋণের ব্যবস্থা করা হচ্ছে এবং ব্যবসায়ে উৎসাহ দেওয়ার জন্যও সহজ শর্তে ঋণ দেওয়া হচ্ছে। আগামী 2023-24 অর্থবর্ষে OBC শ্রেণীভুক্ত 1 হাজার জন সুবিধাভোগীকে এই সুবিধা দেওয়া হবে।

৫১) মহাশয়, আমি এই মহতী সভায় Mukhyamantri Akankshsa Scheme নামে একটি নতুন প্রকল্প চালু করার প্রস্তাব করছি। এই প্রকল্পে 100 জন OBC ছাত্রছাত্রীদের প্রতিযোগিতামূলক পরীক্ষা যেমন IAS, IPS এবং IFS ইত্যাদি পরীক্ষার প্রস্তুতি নেওয়ার প্রশিক্ষণ দেওয়া হবে। এরজন্য 2023-24 অর্থবর্ষে 1 কোটি টাকা বাজেট বরাদ্দ ধার্য করা হয়েছে।

**Minorities Welfare**

৫২) 2023-24 অর্থবর্ষে আনুমানিক 6 হাজার সংখ্যালঘু ছাত্রছাত্রীকে Pre-Matric Scholarship, 2,200 জন ছাত্রছাত্রীকে Post-Matric Scholarship এবং 1,500 জন ছাত্রীকে বিশেষ আর্থিক সহায়তা প্রদান করা হবে। আটশ জন ছাত্রছাত্রী যারা 2022-23

শিক্ষাবর্ষে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় 60 শতাংশের বেশি নম্বর পেয়েছে, তাদের Moulana Abul Kalam Azad Merit Award প্রদান করা হবে।

৫৩) Tripura Minorities Co-operative Development Corporation Ltd.-এর মাধ্যমে কর্মসংস্থান ও উচ্চশিক্ষার জন্য 175 জন সুবিধাভোগীকে আগামী অর্থবর্ষে 3.60 কোটি টাকার সহজ শর্তে ঋণ প্রদান করা হবে। এর পাশাপাশি 690 জন ছাত্রছাত্রীকে উচ্চশিক্ষার জন্য 2023-24 অর্থবছরে আর্থিক সহায়তা বাবদ 6.21 কোটি টাকা প্রদান করা হবে।

**Labour Organisation**

৫৪) সামাজিক সুরক্ষা প্রদানে 'Womb to Tomb' ধারণাকে সামনে রেখে নথিভুক্ত নির্মাণ শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের সুবিধা দিতে Tripura Building & Other Construction Workers Welfare Board (TBOCWW Board) দ্বারা Nirman Shramik Kalyan Prakalp 2.0 (NSKP 2.0) চালু হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে বিবাহকালীন আর্থিক সহায়তা 25 হাজার টাকা থেকে বাড়িয়ে 50 হাজার টাকা করা হয়েছে। অন্ত্যেষ্টিক্রিয়া বাবদ সহায়তা 5 হাজার টাকা থেকে 10 হাজার টাকা, মাতৃত্বকালীন সুবিধা 5 হাজার টাকা থেকে 8 হাজার টাকা, শিক্ষার ক্ষেত্রে প্রদেয় অর্থ 8 হাজার থেকে 20 হাজার টাকা, স্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে এককালীন আর্থিক অনুদান 20 হাজার টাকা থেকে বাড়িয়ে 2 লক্ষ টাকা এবং দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে প্রদেয় অর্থ 40 হাজার টাকা থেকে বাড়িয়ে 4 লক্ষ টাকা করা হয়েছে। সচল পঞ্জিকৃত নির্মাণ শ্রমিকদের জন্য সুদের উপর ভর্তুকিতে সর্বোচ্চ 6 লক্ষ টাকা পর্যন্ত ঋণের ব্যবস্থা করা হয়েছে। সর্বমোট 50 হাজারেরও অধিক পঞ্জিকৃত নির্মাণ শ্রমিক পরিবার এই প্রকল্পের সুবিধা ভোগ করবে।

৫৫) গত বছর শ্রমিকদের কল্যাণে আগরতলার Bodhjungnagar Industrial Estate-এ 100 শয্যাবিশিষ্ট একটি ESIC Model হাসপাতালের শিলান্যাস করা হয়েছে।

৫৬) Minimum Wage Act, 1948-এর সংস্করণ করে রাজ্য সরকার কুড়িটি বিভিন্ন নথিভুক্ত পেশায় নিযুক্ত শ্রমিকদের ন্যূনতম মজুরির হার বৃদ্ধি করেছে, যা 1st October, 2022 তারিখ থেকে কার্যকর করা হয়েছে।

**Social Welfare & Social Education**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

৫৭) রাজ্য সরকার 2022 সালের October মাস থেকে সমস্ত State এবং Central Social Pension Scheme-এর অধীনে সমস্ত সামাজিক পেনশনভোগীদের মাসিক 2

হাজার টাকা হারে পেনশন প্রদান করছে। এই মাসিক ভাতা সময়মত এবং নির্ভুলভাবে প্রদানের লক্ষ্যে খুব শীঘ্রই Aadhaar ভিত্তিক পেনশন প্রদান চালু হবে।

৫৮) যে সমস্ত এলাকায় অঙ্গনওয়াড়ি কেন্দ্র নেই এরকম এলাকায় 234টি নতুন Anganwadi Centre মঞ্জুর করা হয়েছে। এরমধ্যে 44টি নতুন Angnawadi Centre শুধুমাত্র Bru Settlers-দের কল্যাণের জন্য মঞ্জুরি পেয়েছে।

৫৯) গর্ভবতী মায়েদের আংশিকভাবে মজুরির ক্ষতিপূরণ এবং পুষ্টি নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনায় (PMMVY) 2022-23 অর্থবছরে 10,658 জন গর্ভবতী ও প্রসূতি মায়েদের আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী মাতৃপুষ্টি উপহার প্রকল্পে সমস্ত গর্ভবতী মহিলারা প্রতিটি এন্টি নেটাল চেক আপ-এর পর 500 টাকা করে চারটি কিস্তিতে 2 হাজার টাকা করে পাচ্ছেন।

৬০) রাজ্যের মহিলাদের স্বশক্তিকরণ এবং উন্নয়নের লক্ষ্যে Tripura State Policy for Empowerment of Women-2022 চালু করা হয়েছে।

৬১) দিব্যাঙ্গদের সার্বিক উন্নয়ন এবং স্বশক্তিকরণের লক্ষ্যে সরকার এবছর Tripura State Policy for Empowerment of Divyangan চালু করবে।

৬২) Chief Minister's Meritorious Award for Students with Benchmark Disabilities-এর অধীনে Benchmark Disability যুক্ত দিব্যাঙ্গ ছাত্রছাত্রীদের মধ্যে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে 5 জন সর্বোচ্চ স্থানাধিকারীকে এককালীন 24 হাজার টাকা এবং 54 হাজার টাকা করে পুরস্কার দেওয়া হবে। যত্ন ও সুরক্ষার প্রয়োজন এমন 473 জন শিশুকে Sponsorship & Foster Care Allowance হিসেবে প্রতি মাসে 4 হাজার টাকা করে প্রদান করা হয়েছে।

৬৩) তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের আর্থসামাজিক উন্নয়নে রাজ্য সরকার একটি সুসংহত নীতি চালু করবে।

৬৪) মোট 15 কোটি টাকা ব্যয়ে আগরতলা, উদয়পুর, আমবাসা ও ধর্মনগরে কর্মরত মহিলাদের জন্য হোস্টেল নির্মাণ করা হবে।

**Tribal Welfare**

৬৫) আগরতলার মহিলা কলেজ, ফটিকরায়ের আম্বেদকর কলেজ (মহাবিদ্যালয়) ও গন্ডাছড়া সরকারি ডিগ্রি কলেজের অধীনে 3টি নতুন ST কলেজ হোস্টেল নির্মাণ করা হয়েছে। আগরতলার মেলারমাঠে কুমারী মধুতী রূপশ্রী এবং দক্ষিণ ত্রিপুরার সাব্রুমে কলাছড়া ট্রাইবেল রেস্ট হাউস নামে 2টি নতুন উপজাতি রেস্ট হাউস চালু হয়েছে।

৬৬) আমবাসার নালিছড়াতে একটি Eklavya Model Residential School (EMRS)-এর নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং স্কুলটি চালু হয়েছে। তাছাড়া 12টি নতুন EMRS-এর নির্মাণ কাজ চলছে।

৬৭) ত্রিপুরা ST Development Co-operative Corporation Ltd-এর পক্ষ থেকে 539 জন জনজাতি যুবক যুবতীকে সহজ শর্তে ঋণ এবং 13 জন জনজাতি ছাত্রছাত্রীকে শিক্ষা ঋণ প্রদান করা হয়েছে।

৬৮) Khumulwng-এর TTAADC Head Quarters-এর সৌন্দর্যায়ন ও পর্যটকদের আকর্ষণ করার জন্য একটি Theme based musical water fountain স্থাপনের জন্য 2023-24 অর্থবছরে রাজ্য সরকার 1 কোটি টাকার ব্যয় বরাদ্দ রেখেছে।

৬৯) Mukhyamantri Rubber Mini Mission প্রকল্পে 9,517 জন জনজাতি সুবিধাভোগী উপকৃত হয়েছেন ও 8,400 হেক্টর এলাকায় রাবার গাছ লাগানো হয়েছে। আগামী ২ বছরে জনজাতি রাবার উৎপাদনকারীদের জন্য 27.50 কোটি টাকা ব্যয়ে 50টি স্মোক হাউস নির্মাণ করা হবে।

৭০) আমি খুব আনন্দের সহিত ঘোষণা করছি যে, স্থায়ী জীবিকার্জনের সুযোগ এবং পরিকাঠামোর উন্নয়নের মাধ্যমে ত্রিপুরাতে জনজাতিদের জীবনের মান উন্নয়নের জন্য বিশ্ব ব্যাঙ্ক Tripura Rural Economic Growth and Service Delivery Project (TRESP) প্রকল্পের জন্য 1,435 কোটি (175 মিলিয়ন মার্কিন ডলার) টাকা মঞ্জুর করেছে। এই প্রকল্প আগামী কয়েক মাসের মধ্যেই শুরু হবে।

৭১) আমি জনজাতি এলাকার সর্বাঙ্গীন উন্নয়নের জন্য Mukhyamantri Tribal Development Mission চালু করার প্রস্তাব রাখছি, যার মাধ্যমে জনজাতি অধ্যুষিত এলাকা ও Aspirational Block এলাকায় শিক্ষা, স্বাস্থ্য, রাস্তা, পুষ্টি, স্বাস্থ্যবিধি এবং পানীয়জলের প্রতি বিশেষ নজর দেওয়া হবে। উক্ত Mission বাস্তবায়নের জন্য আমি 2023-24 অর্থবছরের বাজেটে 30 কোটি টাকা বরাদ্দ রেখেছি, যার মাধ্যমে ভারতের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়গুলিতে যোগ্য জনজাতি ছাত্রছাত্রীদের বিনামূল্যে শিক্ষা ও থাকার ব্যবস্থা করা হবে।

**Rural Development**

৭২) আমি এই মহতী সভাকে আনন্দের সাথে জানাচ্ছি যে, 2023-24 অর্থবছরে Awas Plus List (Beyond SECC)-এর আওতায় ত্রিপুরার জন্য অতিরিক্ত 1,30,695টি PMAY(G) ঘর বরাদ্দ করা হয়েছে।

৭৩) 2022-23 অর্থবছরে এমজিএন রেগা প্রকল্পের অধীনে 3.34 কোটি শ্রমদিবস সৃষ্টি হয়েছে এবং গড়ে 60 শ্রমদিবস সৃষ্টি হয়েছে, এতে 1,009 কোটি টাকা ব্যয় হয়েছে।

৭৪) Natioanl Rurban Mission (NRuM)-এর অধীনে ঋষ্যমুখ, নির্ভয়পুর, পশ্চিম ছামনু, কিল্লা, বেলিয়ানচিপ, আভাঙ্গা এবং রৌয়াতে 7টি গ্রামীণ ক্লাস্টার তৈরি করা হচ্ছে।

৭৫) এবছর গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বিভিন্ন এলাকায় 63 কোটি টাকা ব্যয় করে 101টি RCC Foot Bridge নির্মাণ করা হবে।

৭৬) Deendayal Antyodaya Yojana-National Rural Livelihoods Mission (DAY-NRLM)-এর অধীনে 2022-23 অর্থবছর পর্যন্ত দরিদ্র গ্রামীণ পরিবারের 4,13,456 জন মহিলাকে 46,017টি Self Help Groups (SHGs) 1,950টি SHG-Village Organisation এবং 88টি Cluster Level Federation-এর সাথে যুক্ত করা হয়েছে। এই প্রতিষ্ঠানগুলিকে Revolving Fund (RF) and Community Investment Fund (CIF) হিসেবে 424 কোটি টাকা প্রদান করা হয়েছে। প্রায় 20% SHG সদস্যকে Lakhpati Didi হিসেবে চিহ্নিত করা হয়েছে। তাছাড়া তাদের ঋণের চাহিদা মেটাতে Bank Credit Linkage-এর মাধ্যমে 725 কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে। 2023-24 অর্থবছরে আরও আশি হাজার গ্রামীণ মহিলাকে স্ব-সহায়ক দলের অন্তর্ভুক্ত করা হবে।

৭৭) Deen Dayal Upadhyaya Grameen Kaushalya Yojana-এর অধীনে 28,780 জন গ্রামীণ যুবক যুবতীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। 15,347 জন গ্রামীণ যুবক যুবতীদের দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ শুরু হয়েছে। 11,718 জন যুবক যুবতীর প্রশিক্ষণ শেষ হয়েছে এবং 4,940 জন যুবক যুবতীদের কর্মসংস্থানের সুযোগ হয়েছে।

৭৮) আমি জোলাইবাড়ি, মোহনভোগ, ডুকলি, অম্পি এবং মজলিশপুর এলাকায় 13 কোটি টাকা ব্যয়ে মার্কেট স্টল নির্মাণের প্রস্তাব দিচ্ছি। 2023-24 অর্থবছরে প্রতিটি ব্লকে মোট 5 কোটি টাকা ব্যয়ে যাত্রী শেড নির্মাণ করারও প্রস্তাব রাখছি।

**Drinking Water & Sanitation**

৭৯) জল জীবন মিশন বাস্তবায়নের পূর্বে গ্রামীণ এলাকার মাত্র 24,502টি (3.30%) বাড়িতে ট্যাপের মাধ্যমে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছিল। 2019 সালে জল জীবন মিশন শুরু হওয়ার পর থেকে গত তিন বছরে রাজ্য সরকার মোট 1,809

কোটি টাকা ব্যয়ে 4,58,364টি (61,78%) গ্রামীণ বাড়িতে Functional Household Tape Water Connection-এর মাধ্যমে পানীয়জলের সংযোগ দিয়েছে। 2024-সালের মার্চ মাসের মধ্যে রাজ্যের সমস্ত গ্রামীণ পরিবারকে পাইপের মাধ্যমে পানীয়জলের সংযোগ দেওয়া যাবে বলে আশা করা হচ্ছে।

**Forest**

৮০) 2022-23 অর্থবছরে রাজ্য সরকার 10,387 হেক্টর ক্ষয়িষ্ণু বনাঞ্চলে নতুন বৃক্ষরোপণ করেছে। তারমধ্যে 3,272 হেক্টর এলাকায় বাঁশ লাগানো হয়েছে, যা রাজ্যের অর্থনীতি ও বাণিজ্যিক ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ।

৮১) রাজ্য সরকার ভ্রমণ পিপাসুদের মনোরম ভ্রমণের অভিজ্ঞতা দিতে Roadside Plantation & Beautification of Tripura (RBPT) নামক একটি প্রকল্প চালু করেছিল, যার অধীনে 134 কিলোমিটার রাস্তায় গাছ লাগানো হয়েছে।

৮২) আগরজাত শিল্পের বিকাশ ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে বন দপ্তর 2021 সালে Agar Wood Policy প্রণয়ন করেছে। আগর শিল্পের উন্নতি ও উৎকর্ষতা বৃদ্ধির জন্য আগামী 3 বছরে 15 কোটি টাকা ব্যয় করা হবে।

৮৩) বিভিন্ন সরকারি সংস্থা, Joint Forest Management Committee (JFMC)-এর সদস্য ও CAPF-এর সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বন দপ্তর গত 2022 সালের আটাশে জুন একটি বৃহৎ বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে, যেখানে সারা রাজ্যে একসাথে সকাল 11টা থেকে 11টা 5 মিনিটের মধ্যে মাত্র 5 মিনিটের রেকর্ড সময়ে 1,02,230টি বৃক্ষ রোপণ করা হয়েছে।

৮৪) বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রজাতির বন্যপ্রাণীর বসবাস থাকায় তেলিয়ামুড়া মহকুমাকে ত্রিপুরার বন্যপ্রাণী রাজধানী হিসেবে গড়ে তোলা হচ্ছে এবং এসব বন্যপ্রাণীর সংরক্ষণে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। রাজ্য সরকার 6 কোটি টাকা ব্যয়ে সিপাহীজলা জুলোজিকেল পার্কের উন্নয়নে উদ্যোগ নিয়েছে।

৮৫) 'নগর বন' প্রকল্পের অর্থে 2022-23 অর্থবছরে চারটি নতুন নগর বন যথাক্রমে উত্তর ত্রিপুরার ধর্মনগর, ঊনকোটি জেলার কুমারঘাট, খোয়াই জেলার তেলিয়ামুড়া ও গোমতী ত্রিপুরার উদয়পুরে তৈরি করা হয়েছে।

৮৬) সিপাহীজলা, গোমতী অভয়ারণ্য, ডম্বুর জলাশয় ইত্যাদি স্থানে ইকো-ট্যুরিজমের বিকাশে Tripura Nature Trails and Resorts Limited (TNTR) নামক একটি নতুন কোম্পানি স্থাপন করা হয়েছে।

৮৭) ডম্বুর জলাশয়ের অন্তত 2টি দ্বীপকে কেন্দ্র করে সৌন্দর্যায়নের লক্ষ্যে বিনোদনমূলক উদ্যান হিসেবে গড়ে তোলা হবে। যার মধ্যে থাকবে বায়োডাইভার্সিটি পার্ক, অর্কিড হাউস, ফার্ন হাউস, ক্যাকটাস হাউস, চিলড্রেনস পার্ক, অ্যাকুয়ারিয়াম এবং ওয়েলনেস সেন্টার ইত্যাদি।

**Panchayat**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

৮৮) Rashtriya Gram Swaraj Abhiyan (RGSA)-এর অধীনে 44টি পঞ্চায়েত ভবন ও 2টি District Panchayat Resource Centre (DPRC) নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। রাজ্যের 65 হাজারের বেশি সংখ্যক নির্বাচিত জনপ্রতিনিধি এবং কর্মচারী Capacity Building and Training (CB&T)-এর অধীনে প্রশিক্ষণ গ্রহণ করেছে।

৮৯) বিভিন্ন দপ্তরের উন্নয়ন এবং মৌলিক পরিষেবা সংক্রান্ত বিষয়ে জনগণের অভিযোগের দ্রুত এবং ফলপ্রসূ নিরসনের লক্ষ্যে ‘আমার সরকার’ নামক একটি Web Based Application Portal চালু করা হয়েছে।

৯০) আগামী 3 বছরে Chief Minister's Model Village Scheme-এর আওতায় 120টি গ্রাম পঞ্চায়েত ও ভিলেজ কাউন্সিলকে মডেল ভিলেজ হিসেবে উন্নীত করা হবে, যাতে অন্যরাও সেইসব গ্রামগুলিকে অনুকরণ করতে পারে। আমি এর জন্য আট কোটি টাকা ব্যয় বরাদ্দের সংস্থান রেখেছি।

**Information Technology**

৯১) Digital Tripura গড়ার লক্ষ্যে রাজ্য সরকার 2023-24 অর্থবছরে সমগ্র রাজ্যে মিশন মুডে e-office চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই উদ্যোগের মূল উদ্দেশ্য হচ্ছে কাগজবিহীন অফিস করা, প্রশাসনে স্বচ্ছতা আনা এবং শাসন ব্যবস্থায় দায়বদ্ধতা বাড়ানো।

৯২) আমাদের সরকার গত 2022-23 অর্থবছরে মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনার অধীনে 11,892 জন ছাত্রছাত্রীকে স্মার্টফোন ক্রয় বাবদ 5 হাজার টাকা করে প্রদান করেছে। এই প্রকল্পের সম্প্রসারণের মাধ্যমে এবছর 12 হাজার ছাত্রছাত্রীকে স্মার্ট ফোন দেওয়া হবে।

৯৩) গ্রামীণ এলাকার সরকারি, বেসরকারি অফিস ও মানুষের বাড়িঘরের সুবিধার জন্য 3 হাজার FTTH সংযোগের প্রস্তাব করছি। 300টি গ্রাম পঞ্চায়েত / ভিলেজ কমিটিতে Public WiFi-এর সুবিধাও চালু করার প্রস্তাব করছি।

৯৪) আমি এই 31টি Mobile Common Service Centre (mCSCs) চালু করারও প্রস্তাব করছি। এতে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে 4.13 কোটি টাকা।

৯৫) মহকুমা শাসকের অফিস এবং BDO অফিসে শাসনকার্য পরিচালনা ও সরকারি প্রকল্পগুলি বাস্তবায়নের পর্যালোচনার জন্য Video Conferencing (VC) System চালু করার প্রস্তাব করছি, যার জন্য ব্যয় বরাদ্দ 6.70 কোটি টাকা ধরা হয়েছে।

**Home (Police)**

৯৬) রাজ্য সরকার সমস্ত SPOs-দের মাসিক সাম্মানিক ভাতা 6,156 টাকা থেকে বাড়িয়ে 7,079 টাকা করেছে। পাশাপাশি SPO Driver-দের জন্য মাসিক সাম্মানিক ভাতা 9 হাজার টাকা থেকে বাড়িয়ে 9,540 টাকা করেছে। রাজ্য সরকারের TSR-এর সমস্ত পদমর্যাদার কর্মীদের অবসরকালীন বয়স 57 থেকে বাড়িয়ে 60 বছর করা হয়েছে।

৯৭) রাজ্যের প্রতিটি জেলাতেই একটি করে Women Police Station স্থাপন করার লক্ষ্যে খোয়াই এবং ধলাই জেলার জন্য Women Police Station মঞ্জুর করা হয়েছে। রাজ্য সরকার 11টি পুলিশ ফাঁড়িকে থানায় উন্নীত করেছে। Traffic ব্যবস্থাকে আরও ফলপ্রসূ করার লক্ষ্যে রাজ্যের সমস্ত জেলাতেই আটটি (8) Highway Patrol Vehicle চালু করা হয়েছে।

**Fire & Emergency Services**

৯৮) 2022-23 অর্থবর্ষে আমবাসা এবং মনুঘাট Fire Station-এর জন্য স্থায়ী অফিস বাড়ির ব্যবস্থা করা হয়েছে। Training School-এর প্রথম পর্যায়ের নির্মাণ কাজ শেষ হয়েছে এবং তা উদ্বোধন হয়েছে।

৯৯) আপাতকালীন সুষ্ঠু পরিষেবা প্রদানের লক্ষ্যে আমি 50টি Conventional Fire Tenders এবং 20টি Light Operational গাড়ি কেনার প্রস্তাব রাখছি। এতে 2023-24 অর্থবর্ষে মোট ব্যয় বরাদ্দ ধরা হয়েছে 26.76 কোটি টাকা।

১০০) এবছর মনুবাজার, দামছড়া, অম্পি, রইস্যাবাড়ি এবং ছামনু এই 5টি Fire Station ভবনের নির্মাণ কাজ শেষ হবে। সাব্রুম, ঋষ্যমুখ এবং আমবাসায় 12 কোটি টাকা ব্যয়ে স্থায়ীভাবে Fire Station নির্মাণ করার প্রস্তাব আমি রাখছি।

১০১) ফায়ারম্যানদের প্রশিক্ষণের জন্য রাজ্যে Fire Training College গড়ে তোলা হবে।

## Prison

১০২) রাজ্য সরকার সংশোধনাগারে বন্দীদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা চালু করেছে। Para Legal Volunteers-দের সহায়তায় রাজ্যের সমস্ত কারাগারে Legal Aid Clinic স্থাপন করা হয়েছে। কারাগারের যে সমস্ত মহিলা আবাসিকদের 6 বছরের নীচে শিশু সন্তান রয়েছে তাদের থাকার জন্য বিশেষ Creche-এর ব্যবস্থা করা হয়েছে।

১০৩) রাজ্যের সমস্ত কারাগারে Video Conference Units চালু করার ব্যবস্থা করা হয়েছে। কারাবাসীদের সুষ্ঠু পুনর্বাসনের জন্য ব্যাপকভাবে বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

## Revenue

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

১০৪) রাজ্য সরকার 2022-এর নভেম্বরে সরকারি জায়গা ইজারা দেওয়ার জন্যও নীতি নির্ধারণ করেছে, যা বাণিজ্য ও শিল্প সংক্রান্ত কর্মকান্ডে ভূমি প্রদানকে সহজলভ্য করবে।

১০৫) আমি উদয়পুর এবং ধর্মনগরে 67.20 কোটি টাকা ব্যয়ে নতুন জেলাশাসকের কার্যালয় নির্মাণের প্রস্তাব করছি। সাব্রুম, উদয়পুর, কৈলাসহর এবং কুমারঘাট SDM Office Building এবং SDM's Residential Quarters নির্মাণের জন্য আমি আরও 27.92 কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখছি।

১০৬) প্রাকৃতিক বিপর্যয়কে সঠিকভাবে মোকাবিলা করার জন্য আরও 7টি Automated Weather Stations (AWSs) এবং আটটি (8) Automated Rain Gauges (ARGs) রাজ্যের বিভিন্ন স্থানে স্থাপন করা হয়েছে। বিপর্যয় মোকাবিলার প্রস্তুতির জন্য সারা রাজ্যে 3 হাজার জন Civil Defence Volunteers এবং 1 হাজার জন Aapda Mitra Volunteers-দের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

## Science & Technology & Environment

১০৭) রাজ্যবাসীর বিশেষ করে যুব সমাজের বৈজ্ঞানিক চিন্তাধারাকে বিকশিত করার লক্ষে রাজ্য সরকার গতবছর আগরতলার বাধারঘাটে Science City-এর উদ্বোধন করেছে।

১০৮) আমি এই মহতী সভাকে জানাতে পেরে খুশি যে, 2022 সালের 30 অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী তাঁর 'মন কি বাত' অনুষ্ঠানে রাজ্যের Bio Village উন্নয়নের প্রশংসা করেছেন।

১০৯) ছাত্রছাত্রীদের মধ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী বিকশিত করার জন্য রাজ্য সরকার উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে DNA Club প্রকল্প বাস্তবায়ন করছে। এই 2023-24 অর্থবছরে DNA Club-এর সংখ্যা বাড়িয়ে 40টি বিদ্যালয়ে তা রূপায়িত হবে।

**Industries & Commerce**

১১০) রাজ্য সরকার Tripura City Gas Distribution Policy এবং Logistic Policy চালু করেছে।

১১১) North East Global Investor Summit-এর অঙ্গ হিসেবে Road Show-তে রাজ্য সরকার সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে এবং বেসরকারি বিনিয়োগকে আকর্ষণ করার জন্য রাজ্যের সম্ভাবনাকে তুলে ধরেছে। রাজ্য সরকারের এই প্রচেষ্টা জাতীয় ও আন্তর্জাতিক বিনিয়োগকারীদের গভীরভাবে আকৃষ্ট করেছে।

১১২) বিভিন্ন শিল্প নগরীতে বৈদ্যুতিক পরিকাঠামো উন্নতির জন্য 2023-24 অর্থবছরে মোট 37.75 কোটি টাকা ব্যয় করা হবে।

১১৩) ব্যাপক পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে রাজ্যের 6টি জেলার শিল্প নগরীতে **Assian Development Bank-এর সহায়তায় 1,200 কোটি টাকা আগামী 5 বছরে বিনিয়োগ করতে রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে।**

১১৪) ত্রিপুরা ও অন্যান্য রাজ্যগুলির Unique Products প্রদর্শন ও বিক্রয়ের জন্য আগরতলায় 100 কোটি টাকা ব্যয়ে একটি Unity Mall নির্মাণ করা হবে।

**Skill Development**

১১৫) আমাদের সরকার দক্ষতা উন্নয়নের ক্ষেত্রকে অগ্রাধিকার দিয়েছে। বিগত 5 বছরে রাজ্যের 22 হাজারের বেশি সংখ্যক যুবক যুবতীকে বিভিন্ন দক্ষতা অর্জনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং তাদের মধ্যে অনেকেই রাজ্যে এবং বহির্রাজ্যে বিভিন্ন পেশায় নিয়োজিত হয়েছে।

১১৬) রাজ্যের যুবক যুবতীদের জন্য কর্মসংস্থানের সুযোগকে আরও সম্প্রসারিত করার লক্ষ্যে রাজ্য সরকার 'Mukhyamantri Dakhyata Unnayan Prakalpa' নামক

একটি প্রকল্প চালু করার ঘোষণা করছে। এই প্রকল্প রূপায়ণে 50 কোটি টাকা আগামী 5 বছরে খরচ করা হবে। এই প্রকল্পে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), ড্রোন প্রযুক্তি, ইন্টারনেট অব থিংস (Internet of Things), স্মার্ট সিটি পরিষেবা এবং স্মার্ট এগ্রিকালচারের মতো নতুন যুগপোযোগী ও জব ওরিয়েন্টেড দক্ষতা উন্নয়ন কর্মসূচি চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যুব সম্প্রদায়ের জন্য রাজ্যে এবং বহির্রাজ্যে এইরূপ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের ব্যবস্থা করতে দেশের খ্যাতনামা প্রতিষ্ঠানগুলির সঙ্গে যৌথ উদ্যোগ নেওয়া হবে।

**Tourism**

১১৭) রাজ্যের শেষ প্রান্ত পর্যন্ত যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, পরিকাঠামোগত সুবিধা সৃষ্টি এবং পর্যটন স্থানগুলিতে জনশক্তির দক্ষতা বৃদ্ধির মাধ্যমে পর্যটনের উন্নতির জন্য রাজ্য সরকার ব্যাপক পরিকল্পনা নিয়েছে। এর ফলে পর্যটকদের আগমন বৃদ্ধি পেয়েছে। গত বছর পর্যটকদের আগমন বৃদ্ধি পেয়ে 2.84 লক্ষ গিয়ে দাঁড়িয়েছে, যার মধ্যে 35 হাজার বিদেশি পর্যটক ছিলেন।

১১৮) রাজ্য সরকার ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক শ্রী সৌরভ গাঙ্গুলীকে ত্রিপুরার পর্যটন ক্ষেত্রের ব্র্যান্ড অ্যাম্বাসেডর করার সিদ্ধান্ত নিয়েছে। এই সিদ্ধান্ত রাজ্য পর্যটন শিল্পকে একটি নতুন আঙ্গিকে নিয়ে যাবে।

১১৯) Adventure Tourism-এর জন্য ডুম্বুর জলাশয়, ছবিমুড়া ও জম্পুইহিলে রাজ্য সরকার বহুবিধ কার্যক্রম চালু করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো Para Motoring, Paragliding, Water Scooter, Water Ski, Zorbing, Bannana Boat, Hot Air Balloon ইত্যাদি।

১২০) Swadesh Darshan-I প্রকল্পে 90 কোটি টাকা ব্যয়ে রাজ্যের সিপাহীজলা, উদয়পুর, ছবিমুড়া, নীরমহল, উজ্জয়ন্ত প্রাসাদ, ডম্বুর জলাশয়, জম্পুইহিল এবং ঊনকোটির পরিকাঠামো উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে। সর্বমোট 31টি Log Huts চালু করা হয়েছে এবং আরও 18টি Log Huts বর্তমানে সম্পূর্ণ করার পর্যায়ে রয়েছে।

**১২১) উজ্জয়ন্ত প্রাসাদে 6 কোটি টাকা ব্যয়ে ত্রিপুরার রাজন্য আমল এবং সমকালীন ইতিহাসের উপর একটি লাইট এবং সাউন্ড শো চালু করা হয়েছে।**

১২২) 692 কোটি টাকা ব্যয়ে চারটি রোপওয়ে নির্মাণ করা হবে, যেগুলি হল i) উদয়পুর রেলস্টেশন থেকে মাতাবাড়ি ii) মহারাণী থেকে ছবিমুড়া iii) সুরমাছড়া এবং iv) জম্পুই পাহাড়। পর্যটকদের সুবিধা প্রদানের জন্য ডম্বুর জলাশয়ে একটি হাউস বোট মোতায়েন করা হবে।

১২৩) ডম্বুরে Eco-Tourism-এর বিকাশে 2023-24 অর্থবছরে 5 কোটি টাকা ব্যয় করা হবে। পর্যটকদের আকর্ষিত করার জন্য দুর্গাবাড়িতে একটি Tea Museum গড়ে তুলতে 15 কোটি টাকা ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। পর্যটকদের আকর্ষিত করার জন্য মন্দির নগরী উদয়পুরের মহাদেব দীঘিকে সুশোভিত করা হবে এবং এরজন্য 8 (আট) কোটি টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে।

## Information & Cultural Affairs

১২৪) সরকারের কার্যক্রমের প্রচারের জন্য সারা রাজ্যে 15টি স্থানে Electronic Display Boards স্থাপন করা হয়েছে। কলকাতার Satyajit Roy Film & Telivision Institute-এর সহায়তায় Tripura Film Television Institute (TFTI) স্থাপন করা হয়েছে এবং প্রথম ব্যাচের ছাত্রছাত্রীরা কোর্স সমাপ্ত করে Certificate লাভ করেছেন।

১২৫) এই শিক্ষাবর্ষে 5টি নতুন কোর্স চালু করা হবে। এতে মোট কোর্সের সংখ্যা দাঁড়াবে 6টি।

১২৬) North East Special Infrastructure Development Scheme (NESIDS) প্রকল্পে 35 কোটি টাকা ব্যয়ে গান্ধীঘাটে একটি Tourism and Cultural Promotional Hub গড়ে তোলার প্রস্তাব পেশ করছি।

## Transport

১২৭) বৈদেশিক বাণিজ্য ও যোগাযোগের প্রভূত উন্নতি সাধনের জন্য রাজ্য সরকার যোগাযোগ ব্যবস্থার উন্নতি ও লজিস্টিক হাব গড়ে তুলতে বদ্ধপরিকর। গত 12-09-2022 তারিখে ভারত সরকারের অসামরিক বিমান পরিবহণ মন্ত্রক M/s Spice Jet এয়ারলাইন্সকে আগরতলা-চট্টগ্রাম-আগরতলা রুটে আন্তর্জাতিক বিমান পরিচালনার জন্য Letter of Award প্রদান করেছে, যার জন্য রাজ্য সরকার 15 কোটি টাকার ভর্তুকি প্রদান করছে।

১২৮) রাজ্যের পরিবহণ ক্ষেত্রকে বিদ্যুৎ নির্ভর গতিশীলতার দিকে নিয়ে যেতে, বায়ু দূষণ কমানো এবং ত্রিপুরাকে পরিবেশবান্ধব পর্যটন ক্ষেত্র হিসেবে গড়ে তোলার জন্য রাজ্য মন্ত্রিসভা **Tripura Electric Vehicle Policy 2022**-এর অনুমোদন দিয়েছে।

১২৯) রাজ্য সরকার **Vehicle Scrapping Policy-2023** প্রণয়ন করবে, যার অধীনে 15 বছরের পুরনো সরকারি যানগুলিকে বাতিল করে পরিবেশবান্ধব যানে পরিবর্তিত করা হবে।

১৩০) ত্রিপুরায় অভ্যন্তরীণ জলপথের উন্নয়নে রাজ্য সরকার উদয়পুরে একটি মাল্টিমোডাল লজিস্টিকস পার্ক (Multimodal Logistics Park) স্থাপন করবে। কর্মীবিহীন রেলওয়ে ক্রসিংগুলিতে দুর্ঘটনা এড়ানোর জন্য ভারত সরকারের রেলওয়ে মন্ত্রক রাজ্যের জন্য 23টি রোড ওভার ব্রিজের অনুমোদন দিয়েছে। 117 কোটি টাকা ব্যয়ে এরকম 12টি ওভারব্রিজের কাজ এগিয়ে চলেছে এবং বাকি 11টি ওভারব্রিজের প্রকল্পের বিস্তারিত রূপরেখা তৈরির কাজ চলছে।

১৩১) গন্ডাতুইসা, জিরানীয়া, মেলাঘর এবং জোলাইবাড়িতে 25 কোটি টাকা ব্যয়ে নতুন মোটরস্ট্যান্ড নির্মাণ করার জন্য প্রস্তাব করছি।

১৩২) আগরতলায় পরিবহণ কমিশনারের অফিস বাড়ি এবং তৎসঙ্গে দক্ষিণ ত্রিপুরা, সিপাহীজলা, খোয়াই এবং ঊনকোটি জেলায় 4টি পরিবহণ অফিস বাড়ি নির্মাণের জন্য প্রস্তাব রাখছি। এই নির্মাণ খাতে আমি 50 কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

**Road and Bridges**

১৩৩) 2022-23 অর্থবছরে 231 কিলোমিটার রাস্তার উন্নতিসাধন করা হয়েছে এবং 224 কিলোমিটার রাস্তার মেরামতের কাজ করা হয়েছে। রাজ্য সরকার 5টি RCC ব্রিজের কাজ সম্পন্ন করেছে। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে 2022-23 অর্থবছরে 10টি বসতি এলাকায় সর্বঋতু উপযোগী রাস্তার সুবিধা দেওয়ার জন্য 123 কিমি রাস্তা নির্মাণ করা হয়েছে। তাছাড়া, 2022-23 অর্থবছরে 150 কিলোমিটার জাতীয় সড়ক এবং 23 কিলোমিটার রাজ্য সড়ক নির্মাণ করা হয়েছে।

১৩৪) 2023-24 অর্থবছরে প্রায় 280 কিলোমিটার রাস্তার উন্নয়ন করা হবে। 2,388 কিলোমিটার রাস্তায় মেরামতের কাজ করা হবে এবং 10টি নতুন RCC ব্রিজ নির্মাণ করা হবে। তাছাড়া প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে 38টি বসতি অঞ্চলে 340 কিলোমিটার রাস্তা নির্মাণ করা হবে সর্বঋতু উপযোগী রাস্তার সুবিধা দিতে। তাছাড়া 76 কিলোমিটার জাতীয় সড়ক, 85 কিলোমিটার রাজ্য সড়ক এবং 3টি রোড ওভার ব্রিজ নির্মাণ করা হবে।

১৩৫) কর্মচারীদের থাকার সুবিধার জন্য আমি কুঞ্জবন এলাকায় 64টি Type-III এবং 64টি Type-II কোয়ার্টার নির্মাণের প্রস্তাব রাখছি। এই কাজের জন্য 62 কোটি টাকা ব্যয় বরাদ্দ রাখা হয়েছে।

১৩৬) Road Sector-এর জন্য আমি 1,360 কোটি টাকা বাজেট বরাদ্দের সংস্থান রেখেছি।

**Water Resource**

১৩৭) 2022-23 অর্থবর্ষে জলসম্পদ দপ্তর 4,713 হেক্টর কৃষিজমিকে সেচের আওতাভুক্ত করার জন্য 840টি Small Bore Deep Tubewells এবং 234টি Deep Tubewells নির্মাণের কাজ হাতে নিয়েছে। এরমধ্যে 400টি Small Bore Deep Tubewells এবং 4টি Deep Tubewells নির্মাণ সম্পন্ন এবং চালু করা হয়েছে এবং এর মাধ্যমে 1,006 হেক্টর কৃষিজমিকে সুনিশ্চিত সেচের আওতাভুক্ত করা হয়েছে। এছাড়া 446টি Small Bore Deep Tubewells এবং 102টি Deep Tubewells নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। এতে আরও 3,043 হেক্টর কৃষিজমি সুনিশ্চিত সেচের আওতায় আসবে। অবশিষ্ট 128টি Deep Tubewells-এর নির্মাণ প্রক্রিয়া চলছে।

১৩৮) বন্যা ব্যবস্থাপনা ক্ষেত্রে 24টি জায়গায় 3,411 মিটার ভূমিক্ষয় প্রতিরোধী ব্যবস্থা নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। তারমধ্যে 680 মিটার দৈর্ঘ্যের কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট 2,731 মিটার দৈর্ঘ্যের কাজ বর্তমানে চালু আছে।

১৩৯) আমি 7 কোটি টাকা ব্যয়ে 7টি নতুন Lift Irrigation প্রকল্পের নির্মাণ এবং 20টি Lift Irrigation প্রকল্পের সংস্কার করার প্রস্তাব করছি। এছাড়া রাজ্যের বিভিন্ন ব্লকে 65 কোটি টাকায় আটটি ক্ষুদ্র সেচ জলাধার নির্মাণ করা হবে।

১৪০) আমি সেচ ও বন্যা নিয়ন্ত্রণে মোট **249 কোটি** টাকা বাজেট বরাদ্দের সংস্থান রেখেছি।

**Power**

১৪১) 2022-এর ডিসেম্বরে Asian Development Bank-এর 2,275 কোটি টাকার আর্থিক সহায়তায় **Tripura Power Distribution Strenthening and Generation Efficiency Project** রূপায়ণ সম্পর্কিত চুক্তি DEA এবং ADB-এর সাথে সম্পন্ন হয়েছে। ত্রিপুরার ইতিহাসে বিদ্যুৎ ক্ষেত্রে এটাই সর্ববৃহৎ প্রকল্প। রাজ্যের জন্য এটি ছিল একটি ঐতিহাসিক মুহূর্ত।

১৪২) TSECL-এর বর্তমান বিদ্যুৎ সরবরাহ পরিচালনগত ও আর্থিক ব্যবস্থার উন্নয়নে রাজ্য সরকার আটশ কোটি টাকা ব্যয়ে **Revamped Reform Based Result-Linked Distribution Sector Scheme (RDSS)** রূপায়ণ করছে।

১৪৩) রাজ্যের বিদ্যুৎ পরিবহণের পরিকাঠামো উন্নয়নের জন্য Tripura Power Transmission Ltd. (TPTL) নামে একটি নতুন কোম্পানি গঠন করা হয়েছে।

১৪৪) ত্রিপুরায় একটি 130 MW ফ্লোটিং সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে NTPC-এর Energy Division-এর সাথে একটি MoU স্বাক্ষরিত হয়েছে। এতে 700 কোটি টাকা বিনিয়োগ করা হবে। রাজ্যে একটি ছোট্ট পরিসরে জলবিদ্যুৎ প্রকল্প তৈরির সম্ভাবনা খতিয়ে দেখার জন্য সম্ভাব্যতা অধ্যয়ন শুরু করা হবে।

১৪৫) রাজ্যের দূরদুরান্ত এলাকায় পুনর্নবীকরণ শক্তির মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করে Energy Development Agency (TREDA) সারা দেশে খ্যাতি অর্জন করেছে। তেমনি রাজ্যের দুর্গম এলাকার জনজীবনে অনুকূল প্রভাব ফেলেছে।

১৪৬) গত বছর মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র ভাই মোদিজি সুবিধাভোগীদের সাথে কথা বলার সময় এই প্রকল্পের প্রশংসা করেছেন।

১৪৭) 'Grameen Bazaar Alok Jyoti Project'-এর আওতায় 33 কোটি টাকা ব্যয়ে 15 হাজার সোলার লাইটের মাধ্যমে 1,291টি গ্রামীণ ও প্রত্যন্ত বাজার আলোকিত করা হয়েছে।

১৪৮) PM KUSUM প্রকল্পে TREDA-এর নন-গ্রিড এলাকায় 4,020টি সোলার পাম্প বসানো হবে, এতে ব্যয় হবে 121 কোটি টাকা। তার মধ্যে 2,600টি পাম্প ইতিমধ্যেই বসানো হয়েছে।

১৪৯) আমি এই মহতী সভাকে জানাতে পেরে আনন্দিত যে, কেন্দ্র সরকার PM-DevINE প্রকল্পে ত্রিপুরায় Solar Micro Grid বসানোর জন্য 81 কোটি টাকা মঞ্জুর করেছে। মোট 274টি প্রত্যন্ত এলাকার বসতিগুলিকে এরকম সোলার মাইক্রো গ্রিডের মাধ্যমে আলোকিত করা হবে।

**Urban Development**

১৫০) আমি এই মহতী সভাকে আনন্দের সাথে জানাচ্ছি যে, 2022-23 অর্থবছরে PMAY (Urban) প্রকল্প রূপায়ণে অসাধারণ সাফল্যের জন্য ত্রিপুরা রাজ্য উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে Best Performing State হিসেবে পুরস্কৃত হয়েছে।

১৫১) মহামান্য রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু Swachh Sarvekshan Survey 2022-এর অনুসারে ত্রিপুরাকে ছোট রাজ্যগুলির মধ্যে Most Clean State in India (Small State Category) হিসাবে পুরস্কৃত করেছেন। Indian Swachhata League-এর অধীনে Special Mentions 3 Lakhs - 10 Lakhs Category-তে আগরতলা পুরনিগমকে পুরস্কৃত করা হয়েছে।

১৫২) নগরায়নের ক্রমবর্ধমান চাহিদাকে মেটাতে আমি Mukhyamantri Sattelite Town Development Scheme নামে একটি নতুন প্রকল্প চালুর প্রস্তাব রাখছি। এই প্রকল্পে আগামী 5 বছরে 500 কোটি টাকা ব্যয়ে আগরতলা, উদয়পুর এবং ধর্মনগরে স্যাটেলাইট টাউন গড়ে তোলা হবে। এই প্রকল্পের প্রাথমিক কাজ শুরু করার জন্য 2023-24 অর্থবছরের বাজেটে আমি 10 কোটি টাকার সংস্থান রেখেছি।

১৫৩) আগরতলা শহর এবং রাজ্যের অন্যান্য শহরগুলিতে Sewage Treatment Plant স্থাপনের জন্য আমি 50 কোটি টাকার সংস্থান রাখছি। পর্যটকদের আকর্ষিত করতে এবং বাণিজ্যিক কার্যকলাপ বৃদ্ধির লক্ষ্যে কৈলাসহরে 10 কোটি টাকা ব্যয়ে বাণিজ্যিক ও অন্যান্য সুবিধা গড়ে তোলা হবে। 8.45 কোটি টাকা ব্যয়ে 19টি বিভিন্ন শহরে Solar High Mast Lighting System স্থাপন করা হবে।

১৫৪) সারা রাজ্যে পৌর পরিকাঠামো উন্নয়নে বিনিয়োগের জন্য আমি আনন্দের সাথে Mukhyamantri Nagar Unnayan Prakalpa নামে একটি নতুন প্রকল্প ঘোষণা করছি। এই প্রকল্পে আগামী 5 বছরে TUEP-কে অন্তর্ভুক্ত করে 1,500 কোটি টাকা বিনিয়োগ করা হবে। সেজন্য আমি 2023-24 অর্থবছরের বাজেটে 120 কোটি টাকার সংস্থান রেখেছি।

১৫৫) 3.50 কোটি টাকা ব্যয়ে কমলপুর নগর পঞ্চায়েতের জন্য একটি নতুন অফিস বিল্ডিং নির্মাণ করা হবে।

**Handloom, Handicraft & Sericulture**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

১৫৬) 2022-23 অর্থবছরে 41 জন শিল্পীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং 238 জন শিল্পীকে কারুশিল্পের দ্রব্যাদি বানানোর জন্য উন্নতমানের যন্ত্রপাতি দেওয়া হয়েছে।

১৫৭) তাঁত শিল্পীদের জীবিকার্জনের সুযোগ করে দিতে 2023-24 অর্থবছরে তাঁতী অধ্যুষিত এলাকায় চারটি নতুন Handloom Cluster গঠন করা হবে। 50 জন জনজাতি তাঁত শিল্পী বিভিন্ন জীবিকার্জন প্রকল্পে উপকৃত হবেন।

১৫৮) 690 জন তাঁত শিল্পীকে উন্নত তাঁত মেশিনে দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দেওয়া হবে। রাজ্যে এবং বহির্রাজ্যে কারুশিল্প সামগ্রীর বিপণনের সুবিধা করে দিতে 4টি গান্ধী শিল্প বাজার এবং 2টি প্রদশর্নীর আয়োজন করা হবে।

## Co-operation

১৫৯) সমবায় ক্ষেত্রের উন্নয়নের লক্ষ্যে সমবায়গুলির কাজকর্মে স্বচ্ছতা আনতে ‘PACS Compurterisation Project'-এর অধীনে 268টি ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটিকে (LAMPS/PACS) কম্পিউটারাইজড্ করা হবে।

১৬০) সমবায় ক্ষেত্রের উন্নয়নকে আরও বেশি মাত্রা দিতে 160টি নতুন কো-অপারেটিভ সোসাইটি গঠন করে শেয়ার ক্যাপিটেল হিসেবে তাদের আর্থিক সহায়তা দেওয়া হবে।

১৬১) Agartala Co-operative Urban Development Bank-এর কাজকর্মে আরও গতি আনতে রাজ্য সরকার 1.5 কোটি টাকা বিনিয়োগ করবে।

## Law

১৬২) Tripura Judicial Academy-এর নতুন ভবনের উদ্বোধন ও কাজ শুরু হয়। ত্রিপুরার নরসিংগড়ে 2022 সালের অক্টোবর মাসে National Law University-এর শিলান্যাস করা হয়েছে।

১৬৩) কমলপুর এবং মোহনপুরে আদালত ভবনের নির্মাণ কাজ এবং খোয়াই ও ধর্মনগরে আদালত ভবনের সম্প্রসারণের কাজ দ্রুত গিয়ে চলছে এবং নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ হবে বলে আশা করা হচ্ছে।

১৬৪) কৈলাসহর এবং বিশ্রামগঞ্জে এবছর আদালত ভবনের নির্মাণ কাজ শুরু হবে। এবছর বিশ্রামগঞ্জ, খোয়াই এবং কৈলাসহরের জুডিশিয়াল অফিসারদের জন্য সরকারি বাসভবন নির্মাণের কাজও শুরু হবে।

১৬৫) 2022-23 সালে মোট নয়টি Lok Adalat-এর আয়োজন করা হয়। সেখানে জাতীয় লোক আদালত, বিশেষ লোক আদালত, চিরাচরিত লোক আদালত, মহা লোক আদালত, ভ্রাম্যমান লোক আদালত এবং ধারাবাহিক লোক আদালতের মাধ্যমে 58 হাজারেরও বেশি মামলা উত্থাপিত হয়, যার মধ্যে 6,700টি মামলার নিষ্পত্তি করা হয়েছে। রাজ্য জুড়ে মোট 1,024টি আইনি সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। সেখানে 1,11,162 জন ব্যক্তি অংশগ্রহণ করেন। 1,623 জন সুবিধাভোগীকে বিনামূল্যে আইনগত সহায়তা প্রদান করা হয় এবং 12,094 সুবিধাভোগীদের আইনি পরামর্শ প্রদান করা হয়।

১৬৬) আমি আগরতলা, জম্পুইজলা, করবুক এবং শান্তিরবাজারে নতুন আদালত ভবন নির্মাণের প্রস্তাব রাখছি।

১৬৭) জম্পুইজলা, করবুক, শান্তিরবাজার এবং বিলোনীয়াতে বিচার বিভাগীয় আধিকারিকদের জন্য কোয়ার্টারস্ এবং আগরতলায় High Court-এর কর্মচারী এবং আধিকারিকদের জন্য 6টি Type-IV ও 6টি Type-III কোয়ার্টারস্ নির্মাণ করার প্রস্তাব রাখছি।

**Finance**

১৬৮) 01-07-2018 তারিখ থেকে ত্রিপুরাতে National Pension Scheme চালু হয়েছিল। কর্মচারীদের স্বার্থ মাথায় রেখে আমি কর্মচারী পিছু সরকারের কন্ট্রিবিউশন বেসিক বেতনের 10 শতাংশ থেকে বাড়িয়ে মহার্ঘ্যভাতা সহ কর্মচারীর বেতনের 14 শতাংশ করার প্রস্তাব করছি।

১৬৯) সম্প্রতি রাজ্য সরকার কম সময়ের মধ্যে পেনশনভোগীদের পেনশন প্রস্তাব AG (A&E) অফিসে জমা দেওয়ার জন্য একটি Portal চালু করেছে। রাজ্য সরকারের অধীনস্থ পেনশনভোগীদের বিভিন্ন সমস্যা সংক্রান্ত আবেদন Online-এ জমা দেওয়ার জন্য একটি পৃথক Grievance Portal চালু করা হয়েছে। এটা পেনশনারদের অভিযোগ জমা দেওয়ার ক্ষেত্রে ব্যাপকভাবে সহায়তা করবে।

১৭০) এবছর থেকে রাজ্য সরকার স্থায়ী সরকারি কর্মচারীদের জন্য e-Service Book চালু করতে যাচ্ছে। এতে কর্মচারীরা খুব সহজেই নিজের সার্ভিস রেকর্ড দেখতে সমর্থ হবেন।

১৭১) আমি Directorate of Good Governance নামক একটি নতুন অধিদপ্তর স্থাপন করার প্রস্তাব রাখছি। এই অধিদপ্তর সুশাসন, দপ্তরগুলির কার্যকারিতা বাড়ানো এবং নাগরিকদের জন্য বিভিন্ন নিয়মের বাধ্যবাধকতা হ্রাসের লক্ষ্যে জাতীয় এবং আন্তর্জাতিক স্তরের সংস্থাগুলির সাথে কাজ করবে এবং জীবনযাত্রা সহজ ও সুগম করতে সাহায্য করবে।

১৭২) মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই মহতী সভায় উপস্থিত সকল সদস্যরা সুশাসনে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI)-এর ব্যবহার সম্পর্কে নিশ্চয়ই অবগত আছেন। Tripura Institute of Technology এবং অন্যান্য জাতীয়স্তরের প্রতিষ্ঠানের সহযোগিতায় তথ্য প্রযুক্তি দপ্তরে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগে একটি কৃত্রিম বুদ্ধিমত্তা উৎকর্ষ কেন্দ্র স্থাপন করা হবে। কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগের মাধ্যমে স্বাস্থ্য, শিক্ষা, শক্তি, কৃষি এবং নগর বিষয়ক ক্ষেত্রে নীতি বাস্তবায়ন করতে এবং পরিষেবা দেওয়ার ক্ষেত্রে এই উৎকর্ষ কেন্দ্র রাজ্য সরকারকে সহযোগিতা করবে। এই সেন্টারটি 5 কোটি টাকা ব্যয়ে করা হবে।

১৭৩) যে সকল মেধাবী ছাত্রছাত্রীরা আর্থিক সীমাবদ্ধতার কারণে শিক্ষা গ্রহণে অক্ষম, রাজ্য সরকার তাদের জন্য সংবেদনশীল। আমি আনন্দের সাথে CM-SATH (Chief Minister's Scholarship for Achievers Towards Higher Learning) নামে একটি নতুন প্রকল্প ঘোষণা করছি এবং এতে 3 কোটি টাকার ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নির্বাচিত দশম এবং দ্বাদশ স্তরের 100 জন ছাত্রছাত্রীকে মাসিক 5 হাজার টাকা করে বৃত্তি রাজ্য সরকার প্রদান করবে।

**মাননীয় অধ্যক্ষ মহোদয়,**

১৭৪) ত্রিপুরা রাজ্যের মানুষের চিকিৎসা সংক্রান্ত বিষয়ে রাজ্য সরকার খুবই সংবেদনশীল। রাজ্যের জনগণকে চিকিৎসার জন্য রাজ্যের অভ্যন্তরে ও রাজ্যের বাইরে গিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ করতে হয়। তাই আমি 'CM-Jana Arogya Yojana, 2023' (CM-JAY, 2023) নামে একটি সার্বজনীন স্বাস্থ্য বীমা যোজনা চালু করার প্রস্তাব রাখছি, যা হবে সার্বজনীন এবং প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের Ayushman Bharat-PM-JAY প্রকল্পের ধাঁচে তৈরি করা হবে।

১৭৫) এই CM-JAY, 2023 প্রকল্প রাজ্যের অবশিষ্ট 4.75 লক্ষ পরিবার পিছু সর্বোচ্চ 5 লক্ষ টাকার বীমার সুবিধা প্রদান করবে। সরকারি কর্মচারীরাও এই বীমা প্রকল্পের আওতাভুক্ত হবেন। এই প্রকল্পের জন্য রাজ্য সরকার 59 কোটি টাকা প্রতি বছর ব্যয় করবে।

১৭৬) এই প্রকল্পের আওতাভুক্ত পরিবারগুলি আয়ুষ্মান ভারতের তালিকাভুক্ত দেশের বিভিন্ন প্রান্তে থাকা 26 হাজারেরও বেশি হাসপাতালে চিকিৎসা পরিষেবা গ্রহণের সুযোগ থাকবে, এর মধ্যে ত্রিপুরা রাজ্যের 133টি হাসপাতাল (130টি সরকারি + 3টি বেসরকারি) হাসপাতালও রয়েছে। এই প্রকল্প হাসপাতালে ভর্তি রোগীদের নগদ অর্থ ব্যতিরেকে Specialities & Super Specialities হাসপাতালে চিকিৎসা পরিষেবার সুযোগ পেতে সাহায্য করবে।

১৭৭) 2023-24 অর্থবর্ষে রাজ্যের বাজেট বরাদ্দ হচ্ছে 27,654.40 কোটি টাকা, যা 2022-23 সালের Revised Estimate 2022-23 থেকে 9.87 শতাংশ বেশি। এর মধ্যে মূলধনী ব্যয় 5,358.70 কোটি টাকা ধরা হয়েছে, যা Revised Estimate 2022-23 থেকে 22.28 শতাংশ বেশি। আয় ও ব্যয়ের সার নিম্নে বর্ণিত হল-

**(Amount in Rs. Crore)**

| **Sl. No.** | | **Items** | **Amount** |
|---|---|---|---|
| **(A)** | **Revenue Account** | | |
| | 1 | Receipts | 22307.5 |
| | 2 | Expenditure | 22295.7 |
| | 3 | Surplus (A1-A2) | 11.8 |
| **(B)** | **Capital Account** | | |
| | 1 | Receipts from Loans & Others<br>(including Public Account and Opening Balance) | 4735.6 |
| | 2 | Expenditure | 5358.7 |
| | 3 | Deficit (B1-B2) | -623.1 |
| **(C)** | **Total Receipts (A1+B1)** | | 27043.1 |
| **(D)** | **Total Expenditure (A2+B2)** | | 27654.4 |
| Budget Deficit (C-D) | | | -611.3 |

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

এই বাজেট প্রকৃতপক্ষে ত্রিপুরাকে একটি উন্নত রাজ্যে পরিণত করার নীল নক্সা। আমি আশা করছি রাজ্যের জনসাধারণের সার্বিক কল্যাণে এই বাজেট গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে এবং তা রূপায়ণে আমি সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

সবাইকে অনেক ধন্যবাদ। নমস্কার।

****


AGARTALA GOVERNMENT DENTAL COLLEGE
&
I.G.M. HOSPITAL